তারিখ 18 OCT 1988
পৃষ্ঠা 5 কলাম 4

৪৪

দৈনিক বাংলা

বাংলাদেশ শিক্ষা তথ্য ও পরিসংখ্যান ব্যুরো
ডকুমেন্টেশন কেন্দ্র

185

## এমএ মৌখিক পরীক্ষা সুযোগ দেয়া হোক

আমাদের এমএ মৌখিক পরীক্ষা যথারীতি গত ২২ আগস্ট থেকে সেপ্টেম্বরের ১ম সপ্তাহ পর্যন্ত গৃহীত হওয়ার কথা ছিল। কিন্তু তখন সারা দেশ ছিল প্রলয়ংকরী বন্যার পানিতে ভাসমান। স্বভাবতই আমরা ছিলাম তখন বাঁচা-মরার সমস্যায় ব্যতিব্যস্ত। এ অবস্থায় আমরা অনেক ছাত্র-ছাত্রীই প্রত্যন্ত অঞ্চল থেকে এসে নির্ধারিত ঐ পরীক্ষায় অংশগ্রহণ করতে পারিনি। সে ভয়বহ দুর্যোগের মুহূর্তে অবশ্য অনেক শিক্ষাপ্রতিষ্ঠানই ছিল বন্ধ এবং তাদের গুরুত্বপূর্ণ পরীক্ষাসমূহ স্থগিত ঘোষিত হয়েছিল। তাই এক্ষেত্রেও আমাদের অপারগতা নিশ্চয় ক্ষমা ও বিবেচনার দাবী রাখে। অতএব সংশ্লিষ্ট উর্ধ্বতন কর্তৃপক্ষের কাছে আমাদের বন্যার সময়ে অনুষ্ঠিত মৌখিক পরীক্ষায় অনুপস্থিত ছাত্র/ছাত্রীদের পুনরায় পরীক্ষা দেওয়ার সুযোগ দেয়া হোক।

—মোঃ তাসলিমুল হোসেন,
সরকারী জগন্নাথ কলেজ
বিশ্ববিদ্যালয়, ঢাকা।